দৈনিক ইত্তেফাক

তারিখ 22 NOV 1992
পৃষ্ঠা ... কলাম ...

## বোর্ডের বইয়ে ভুল তথ্য

'জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বোর্ড' জাতিসংঘের জন্মসাল ১ বৎসর পিছাইয়া দিয়াছে। উক্ত প্রতিষ্ঠান কর্তৃক ১৯৯২ শিক্ষা বৎসরের জন্য পাঠ্য পুস্তকরূপে নির্ধারিত নবম ও দশম শ্রেণীর "আধুনিক পৌরনীতি" বইয়ের জাতিসংঘ অধ্যায়ের ৭১নং পৃষ্ঠার তৃতীয় লাইনের আনুষ্ঠানিকভাবে জাতিসংঘের অস্তিত্ব লাভের ১৯৪৫-এর পরিবর্তে ১৯৪৬ লেখা হইয়াছে। একটি জাতীয় প্রতিষ্ঠানের এহেন দায়িত্বহীনতা আমাদের হতবাক করিয়াছে। সাথে সাথে শিক্ষার্থীরাও বিপাকে পড়িয়াছে বলিয়া আমরা মনে করি।

—আবদুল আজিজ মিয়া, ১৯৪০, দনিয়া, ঢাকা।